

খুলনা মেডিক্যাল ছাত্রলীগ শিবির সংঘর্ষে আহত ২০ শিবিরের ৫ জনকে বহিষ্কার

■ খুলনা অতিম

পতকাল যমদবার খুলনা মেডিক্যাল কলেজে (খুলনা) ছাত্রলীগ-ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষে উভয়পক্ষের অহত ২০ জন আহত হয়েছে। ছাত্রলীগের ৪ নেতাকর্মীকে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আরো ৮ জনকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। ছাত্রলীগ কর্মী ও সাধারণ ছাত্রদের ওপর যমদবার অভিযোগে কলেজের একাডেমিক কাউন্সিলের সভায় কলেজ থেকে ৫ শিবির নেতাকর্মীকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও কলেজ সূত্র জানায়, সকাল ৯টার দিকে কয়েকজন ছাত্রলীগ নেতাকর্মী কলেজ ক্যান্টিনে নাড়া করার সময় কলেজ পাখা ছাত্রশিবিরের সভাপতি হাসান মামুন ও নেত্রোটোরি রফিকুল ইসলামের নেতৃত্বে ছাত্রশিবিরের পৃষ্ঠা ২ কলাম ৮

খুলনা মেডিক্যাল

২৪ পৃষ্ঠার পর

ক্যাডাররা ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলা চালায়। ছাত্রশিবির ও ছাত্রলীগের সংঘর্ষে কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন শ্রাবণ এবং ছাত্রলীগ কর্মী চন্দন সরকার, আব্দুল্লাহ আল মধুর, অরুণ রতন রায়, তন্ময় সাহা ও ছাত্রশিবিরের জিদ্দুর রহমান, নূর ইসলাম, মোশাররফ হোসেন ও নূরুল ইসলামসহ অহত ২০ জন আহত হয়। এক পর্যায়ে শিবিরকর্মীরা ক্যান্টিন ছেড়ে পাশিয়ে যায়। এ সময় ছাত্রলীগ কর্মীরা কলেজের কনফারেন্স রুম, সেকচার রুম, প্রশাসনিক কক্ষের জানালা-দরজা ভাঙচুর করে। সংঘর্ষে আহত কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক, মাহবুব হোসেন শ্রাবণ, মধুর, অরুণ ও চন্দনকে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুপুরে কলেজের একাডেমিক কাউন্সিলের অরুণি সভায় ছাত্রশিবিরের সভাপতি হাসান মামুন, নেত্রোটোরি রফিকুল ইসলাম, জিয়াউল হাঙ্গাম, নূর ইসলাম ও আবু তাহের শিকদারসহ ৫ জনকে কলেজ থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। জাইন খ্রিস্টিয়ান ডা. ধীরাজ মোহন বিশ্বাস জানান, মেডিক্যাল কলেজের চর্ম ও যৌনরোগ বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল আলমকে প্রধান করে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তিনদিনের মধ্যে রিপোর্ট দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

মেডিক্যাল কলেজ ছাত্রলীগ সভাপতি বেহেদী হাসান মিলুন বলেন, কর্মীরা ক্যান্টিনে নাড়া করার সময় শিবিরকর্মীরা পেছন দিক থেকে হামলা চালায়।

ছাত্রশিবির সভাপতি হাসান মামুন বলেন, তাদের কয়েকজন কর্মী কলেজ ক্যান্টিনে নাড়া করতে গেলে ১৫/২০ ছাত্রলীগ কর্মী তাদের ওপর হামলা চালায়।